

আজি নাহি নাহি নিদ্রা আঁখিপাতে ।
তোমার ভবনতলে হেরি প্রদীপ জ্বলে,
দূরে বাহিরে তিমিরে আমি জেগে জোড়হাতে ॥
ক্রন্দন ধ্বনিছে পথহারা পবনে,
রজনী মূর্ছাগত বিদ্যুতঘাতে ।
দ্বার খোলো হে দ্বার খোলো—
প্রভু, করো দয়া, দেহো দেখা দুখরাতে ॥

Parjaay: Puja, Taal: Tritaal, Raag: Kafi
Visit www.geetabitan.com for notation and other detail